

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৮১০০.০৪২.১৪.০৩২.১৭.৭০০

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
১৭ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজশাহী জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ রাজশাহী জেলা পরিষদের স্মারক নং-জেপরা/২০১৭/২০১৮-৮৬, তারিখঃ ২৭/০২/২০১৮।

২০১৭-২০১৮ অর্থবছরে রাজশাহী জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দকৃত ৪,৭০,০০,০০০/- (চার কোটি সত্তর লক্ষ) টাকায় গৃহীত ২৪৪টি প্রকল্পের মধ্যে ১৬০১ নং স্মারকের প্রকল্প তালিকার ক্রমিক নং-৩৯, ৫৯, ৫৪, ৬০, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৭৪, এবং ১৬০২ নং স্মারকের প্রকল্প তালিকার ক্রমিক নং-২৭, ৭৪, ৭৫, ৭৬, ৮৩ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৪,১৩,০০,০০০/- (চার কোটি তের লক্ষ) টাকায় গৃহীত ২২৮টি প্রকল্প এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত নিম্নবর্ণিত শর্তে বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :


শর্তসমূহঃ

- ১) পিপিআর ২০০৮- এর বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদূর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, রাজশাহী কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে "জেলা পরিষদ রাজশাহী এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত" বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ১৬০১ নং স্মারকের প্রকল্প তালিকার ক্রমিক নং- ৩৯, ৫৯, এ গৃহীত ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রশিক্ষণ বিহীন সেলাই মেশিন বিতরণ করলে তা দারিদ্র নিরসনে সহায়ক হবে না। এছাড়া ক্রমিক নং- ৫৪, ৬০, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৭৪ এ গৃহীত ১৭,৫০,০০০/- (সতের লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রকল্পসমূহ ব্যক্তির বাড়িতে নলকূপ স্থাপন সংক্রান্ত বিধায় এই প্রকল্পগুলো বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

৩। ১৬০২ নং স্মারকে বর্ণিত প্রকল্প তালিকার ক্রমিক নং- ২৭, এ গৃহীত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার সাব মার্সিবল পাম্প কোথায় স্থাপন করা হবে তা সুস্পষ্ট করে উল্লেখ করা হয়নি। এছাড়া ক্রমিক নং- ৭৪, ৭৫, ৭৬, এ গৃহীত ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকার প্রকল্পসমূহ ব্যক্তির বাড়িতে নলকূপ স্থাপন সংক্রান্ত হওয়ায় এ প্রকল্পগুলো জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো। ক্রমিক নং-৮৩ এ গৃহীত ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) টাকার প্রকল্পটি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট এর অধীন ট্রাস্টি বোর্ডের অনুমোদন নিয়ে পুনঃরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশ ক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
২৭/০৫/১৮  
(আনজুমান আরা)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, রাজশাহী।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।